



বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.nmst.gov.bd



প্রজ্ঞাপন

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪.১১৭

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর-এর নিয়োগ/পদোন্নতি/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক বাছাই কমিটি-১ (গ্রেড ৪ থেকে গ্রেড ১০) এবং বাছাই কমিটি-২ (গ্রেড ১১ থেকে গ্রেড ২০) কর্তৃক সুপারিশের পরিপ্রেক্ষিতে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) এর ১টি, সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) এর ১টি, সহকারী প্রোগ্রামার এর ১টি পদসহ মোট ৩টি পদে টাকা ২২০০০-৫৩০৬০/- বেতনক্রমে, উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) এর ১টি ও উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) এর ১টি পদসহ মোট ২টি পদে টাকা ১৬০০০-৩৮৬৪০/- বেতনক্রমে, গাড়ী চালক এর ১টি পদে টাকা ৯৩০০-২২৪৯০/- বেতনক্রমে এবং অফিস সহায়ক এর ১টি ও গ্যালারী গার্ড এর ১টি পদসহ মোট ২টি পদে টাকা ৮২৫০-২০০১০/- বেতনক্রমে নিয়মবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

(ক) চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন, ঢাকা কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সনদসহ ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ১ (এক) কপি জমা প্রদান করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোনো প্রকার বিরূপ প্রতিবেদন এবং প্রদত্ত সনদ/কাগজপত্রে কোনোরূপ অমিল/গরমিল পাওয়া গেলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(খ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৮/০৯/২০১৮ তারিখের ৫৮.০০.০০০০.০৬২.৯৯.০০২.১৮.২৪০ নম্বর স্মারক মোতাবেক চাকুরীতে যোগদানের সময় তাঁকে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার কর্তৃক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) দাখিল করতে হবে;

(গ) নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারী বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে। চাকুরীতে যোগদানের তারিখ হতে তিনি ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিস থাকবেন। তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসের মেয়াদ অনধিক ৬ (ছয়) মাসের জন্য বৃদ্ধি করতে পারবে। সন্তোষজনক শিক্ষানবিসকাল অবসান হওয়া সাপেক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে;

(ঘ) নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকেই এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান করে অথবা উক্ত নোটিশের পরিবর্তে এক মাসের বেতন প্রদান করে কোনো শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটতে পারবে এবং এরূপ চাকুরী অবসানের কারণে উক্ত শিক্ষানবিস কোনো প্রকার ক্ষতিপূরণ পাবেন না। নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো কারণ প্রদর্শন ব্যতিরেকে যেকোনো কর্মচারীকে তিন মাসের অগ্রিম নোটিশ দ্বারা বা তৎপরিবর্তে তিন মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ পরিশোধ করে চাকুরীর অবসান ঘটতে পারবে;

(ঙ) কোনো কর্মচারী নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক ৩ (তিন) মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকুরী ত্যাগ করতে বা চাকুরী হতে বিরত থাকতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জাদুঘরকে তাঁর তিন মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন। কোনো শিক্ষানবিস তাঁর অভিপ্রায় উল্লেখপূর্বক এক মাসের লিখিত পূর্ব নোটিশ প্রদান না করে তাঁর চাকুরী ত্যাগ করতে পারবেন না এবং এরূপ নোটিশ প্রদানের ব্যর্থতার ক্ষেত্রে, তিনি জাদুঘরকে তাঁর এক মাসের বেতনের সমপরিমাণ টাকা ক্ষতিপূরণ হিসেবে প্রদান করতে বাধ্য থাকবেন।

(চ) চাকুরীতে যোগদানের সময় তাঁকে নিজ এলাকার সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে;

(ছ) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলী, প্রচলিত বিধি-বিধান দ্বারা চাকুরী নিয়ন্ত্রিত হবে এবং চাকুরীকালে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত যেকোনো দায়িত্ব পালন করতে হবে;

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১ এবং চাকুরীর বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকুরী নিয়ন্ত্রিত হবে;

(ঝ) নিয়োগ পরবর্তী কোনো কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো রকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে তাঁর ক্ষেত্রে এ আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ঞ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোনো প্রকার ভাতা প্রাপ্য হবেন না এবং

(ট) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৯ জুন ২০২৬ তারিখের মধ্যে পূর্ণাঙ্গ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন মর্মে ধরে নেওয়া হবে এবং তাঁর নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। (১) পদের নামঃ সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)
গ্রেডঃ ৯
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম ও ঠিকানা
১	১১০০২০৯	উদয় শংকর বর্মা	পিতাঃ বলরাম চন্দ্র বর্মা ১০৭, কলেজপাড়া, গ্রাম: সুজালপুর ডাকঘর: বীরগঞ্জ-৫২২০, উপজেলা: বীরগঞ্জ, জেলা: দিনাজপুর

(২) পদের নামঃ সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)
গ্রেডঃ ৯
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম ও ঠিকানা
২	১২০০০৫৭	মো: শাহরিয়ার মোস্তফা	পিতাঃ মো: আব্দুর রাজ্জাক গ্রাম: কশব, ডাকঘর: কশব-৬৫১০ উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ

(৩) পদের নামঃ সহকারী প্রোগ্রামার
গ্রেডঃ ৯
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম ও ঠিকানা
৩	১৭০০০৭০	সুমন রানা	পিতাঃ জলিল বেগারী গ্রাম: হরিহরদিয়া, ডাকঘর: নটাখোলা-১৮৩০ উপজেলা: হরিরামপুর, জেলা: মানিকগঞ্জ

(৪) পদের নামঃ উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)
গ্রেডঃ ১০
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম ও ঠিকানা
৪	১৪০০১৬৫	মো: আবু জোবায়ের	পিতাঃ মো: আবু মিয়া গ্রাম: বগুলাগাড়া নামাপাড়া, ডাকঘর: বগুলাগাড়া-৫৭৪০ উপজেলা: গোবিন্দগঞ্জ, জেলা: গাইবান্ধা

(৫) পদের নামঃ উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)
গ্রেডঃ ১০
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর নাম	পিতার নাম ও ঠিকানা
৫	১৩০০১০৫	মো: রিফাত হোসেন	পিতাঃ মো: ডাবলু হোসেন মন্ডল গ্রাম: খাস রানীনগর, ডাকঘর: চড়িয়ারবিল-৭৩২০ উপজেলা: শৈলকূপা, জেলা: ঝিনাইদহ

- (৬) পদের নামঃ গাড়ী চালক
গ্রেডঃ ১৬
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	নাম	পিতার নাম ও ঠিকানা
৬	০৩	চন্দ্র শেখর রায়	পিতাঃ প্রতাপ চন্দ্র রায় গ্রামঃ কালমাটি, ডাকঘরঃ কালমাটি-৫৫০০ উপজেলাঃ লালমনিরহাট সদর, জেলাঃ লালমনিরহাট

- (৭) পদের নামঃ গ্যালারী গার্ড
গ্রেডঃ ২০
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	নাম	পিতার নাম ও ঠিকানা
৭	৫৯	মোঃ আমিনুল ইসলাম	পিতাঃ মোঃ আব্দুর রাজ্জাক গ্রামঃ গানজানা, ডাকঘরঃ ধলাপাড়া-১৯৮০ উপজেলাঃ ঘাটাইল, জেলাঃ টাঙ্গাইল

- (৮) পদের নামঃ অফিস সহায়ক
গ্রেডঃ ২০
নিয়োগপ্রাপ্তঃ ০১ (এক) জন।

ক্রমিক	রোল নম্বর	নাম	পিতার নাম ও ঠিকানা
৮	৭৭	মোঃ আকাশ মিয়া	পিতাঃ মোঃ বাকি মিয়া গ্রামঃ বিল বালমল, ডাকঘরঃ পাঙ্গা-৭৬৩০ উপজেলাঃ মোহাম্মদপুর, জেলাঃ মাগুরা

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।


ড. মো. মনিরুজ্জামান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৫৮১৬০৬০৯
ই-মেইলঃ infonmst@gmail.com

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪.১১৭/১(১৫)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর;
৩. পরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর;
৪. সিভিল সার্জন, সিভিল সার্জন এর কার্যালয়, জনসংখ্যা ভবন (নিচ তলা), আজিমপুর, ঢাকা;
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৬. এ্যাকাউন্টস অফিসার, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, ঢাকা;
৭. জনাব; এবং
৮. অফিস কপি।


ড. মো. মনিরুজ্জামান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)